

পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি


জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ/বিষয়-এ নিম্নবর্ণিত শূন্যপদ পূরণের লক্ষ্যে যোগ্যতাসম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে **online-এ** (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.job.jnu.ac.bd) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে (উল্লেখ্য, পূর্বের নিয়োগ বিজ্ঞপ্তির বিপরীতে যারা আবেদন করেছেন তাঁদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই) :

পদের নাম ও বেতন স্কেল (জ্যেষ্ঠ/স্কেল ২০১৫), বিভাগ/বিষয় ও পদসংখ্যা	প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
<p>পদ : প্রভাষক বেতন স্কেল : টাকা ২২০০০-৫৩০৬০/-</p> <p>বিভাগ/বিষয় ও পদসংখ্যা : ইতিহাস- ০৩ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি- ০২ (০১ জন শূন্য পদে ও ০১ জন সহকারী অধ্যাপকের শূন্য পদের বিপরীতে) দর্শন- ০৩ ভূগোল ও পরিবেশ- ০১</p>	<p>প্রার্থীদের এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান পরীক্ষায় (চতুর্থ বিষয়সহ) কমপক্ষে মোট জিপিএ ৯.০০ থাকতে হবে এবং বিজ্ঞাপিত বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রীর ক্ষেত্রে প্রত্যেক পরীক্ষায় ন্যূনতম সিজিপিএ ৩.৫০ এবং যে কোন একটিতে ন্যূনতম সিজিপিএ ৩.৭৫ থাকতে হবে। উপরে উল্লেখিত যোগ্যতা থাকলেই কেবল উচ্চতর ডিগ্রী, শিক্ষকতা ও গবেষণার অভিজ্ঞতা এবং প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।</p>

সাধারণ শর্তাবলী :

- শিক্ষাগত যোগ্যতার মূল সনদ ও নম্বরপত্র এবং অভিজ্ঞতার প্রমাণপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)-এর সত্যায়িত প্রতিলিপি, সকল গবেষণা প্রবন্ধ/প্রকাশনার কপি (প্রযোজ্য ক্ষেত্রে), জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত প্রতিলিপি এবং সদ্য তোলা পাসপোর্ট আকারের ৩ (তিন) কপি সত্যায়িত রঙিন ছবি যুক্ত করে **Online-এ** দাখিলকৃত আবেদন ফরম-এর প্রিন্ট কপিসহ {০৮ (আট) সেট} পূর্ণাঙ্গ আবেদনপত্র আগামী ৩০/০৬/২০২৪ তারিখের মধ্যে (সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত অফিস চলাকালীন সময় সকাল ৮.০০টা হতে বিকাল ৪.০০টা পর্যন্ত) নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে (ডাকযোগে/কুরিয়ার সার্ভিস-এর মাধ্যমে/সরাসরি) পৌছাতে হবে।
- সর্বমোট সক্রিয় চাকরিকাল/অভিজ্ঞতা নিরূপন করার সময় অন্য শিক্ষা/গবেষণা প্রতিষ্ঠানের চাকরিকাল নিম্নরূপভাবে গণনা করা হবে :
 - পাবলিক বিশ্ববিদ্যালয়ে চাকরিকালের ৭৫% তবে স্ব-পদের/ফিডার পদের পূর্ণ চাকরিকালসহ সর্বোচ্চ ১২ বছর;
 - সরকারি কলেজে শিক্ষকতার ৬০% তবে সর্বোচ্চ ১০ বছর;
 - অন্যান্য সকল স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান যেখানে স্নাতক (সম্মান)/স্নাতকোত্তর পর্যায়ে পাঠদান করা হয় সেখানে শিক্ষকতার/স্বীকৃত উচ্চতর গবেষণা প্রতিষ্ঠানে গবেষণার অভিজ্ঞতার ৫০% তবে সর্বোচ্চ ১০ বছর।

উল্লেখ্য, গত ০৩/১২/২০১৫ তারিখে অনুষ্ঠিত সিভিকিটের ৭০-তম সভার পূর্বে যে সকল শিক্ষক জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চাকরিতে যোগদান করে কর্মরত আছেন তাদের ক্ষেত্রে ২ নং শর্ত প্রযোজ্য হবে না।
- ৬০০.০০ (ছয়শত) টাকা **SureCash/Nagad/Rocket**-এর মাধ্যমে **Payment** করতে হবে।
- চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে।
- অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না। আবেদনপত্রের সাথে দাখিলকৃত কোন কাগজপত্র ফেরত প্রদান করা হবে না।
- নিয়োগের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধি-বিধান প্রতাপালিত হবে।
- লিখিত পরীক্ষায়/সাক্ষাৎকার-এ অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।


 (অধ্যাপক ড. মোঃ আইনুল ইসলাম)
 রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

